

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৫৯.২০২৩. ৫৭৫

তারিখ: ২৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোহা: আব্দুল বারী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ কর্মকালীন ১৪/০৩/২০১৭ তারিখের ৩৭.০২.৪৪৭১.০০০.০০.২৬৫.২০১৭.১০০ নং স্মারকের পত্রে ২৬ শে মার্চ ২০১৭ উদযাপনের লক্ষ্যে তার আওতাধীন প্রতিষ্ঠান প্রতি ৫০০/- টাকা চাঁদা ধার্য করে তার কার্যালয়ে জমা দেয়ার নির্দেশ প্রদান করে অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারদেব পত্র প্রেরণ করার অভিযোগে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩(ঘ) অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ১৮/১০/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, শুনানীকালে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, নথির অন্যান্য কাগজপত্র, সরকারে পক্ষের নথি উপস্থাপকের বক্তব্য এবং অভিযুক্ত কর্তৃক চিঠি ইস্যুর পরের দিনেই চিঠি প্রত্যাহার করে নেওয়ার প্রমাণক উপস্থাপন করায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোহা: আব্দুল বারী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩(ঘ) অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতি” প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


০২/১১/২৩
(সোলেমান খান)


সচিব

তারিখ: ২৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০২৩ খ্রি.

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৫৯.২০২৩. ৫৭৫/১(১)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোহা: আব্দুল বারী এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সহকারী সচিব (সরকারি মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৬। জনাব মোহা: আব্দুল বারী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।


০১/১১/২৩
(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব